

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১০.১৯.৩৩৩

তারিখ: ০৭ আগস্ট ২০১৯ খ্রি.
২৩ শ্রাবণ ১৪২৬ ব.

বিষয়: ২০১৮-২০১৯ অর্থ বছরে কাবিটা ও টিআর কর্মসূচির বিশেষ খাতের অর্থে গৃহহীনদের জন্য দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ কার্যক্রমের সমাপ্তি প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০১৮-২০১৯ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় ৩০০ (তিনশত) কোটি টাকায় সারাদেশে ১১,৬০৪টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণের লক্ষ্যে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর অর্থ ছাড় করা হয়। ইতোমধ্যে অর্থ বছর শেষ হয়ে গিয়েছে। এক্ষেত্রে গত ২০১৮-২০১৯ অর্থ বছরে ছাড়কৃত অর্থে দুর্যোগ সহনীয় বাসগৃহের সমাপ্তি প্রতিবেদন প্রয়োজন। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে টি.আর ও কাবিটা বরাদ্দের অর্থ থেকে দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

উল্লেখ্য, ২০১৮-২০১৯ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্ত দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ কার্যক্রমের সফল বাস্তবায়নের ওপর বর্তমান অর্থ বছরে দুর্যোগ সহনীয় গৃহ বরাদ্দের সংখ্যা নির্ধারিত হবে।

এমতাবস্থায়, গত ২০১৮-২০১৯ অর্থ বছরে জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দকৃত অর্থে নির্ধারিত সংখ্যক দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ কার্যক্রম সমাপ্ত হয়েছে মর্মে সমাপ্তি প্রতিবেদন আগামী ৩১ আগস্ট ২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(কে এম আনিছুল ইসলাম)
সহকারী সচিব
ফোন নং-৯৫৪০১৪৩


মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১০.১৯.৩৩৩

তারিখ: ০৭ আগস্ট ২০১৯ খ্রি.
২৩ শ্রাবণ ১৪২৬ ব.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। অতিরিক্ত সচিব..... (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার(সকল)।
- ৩। জেলা প্রশাসক,(সকল)।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।


(কে এম আনিছুল ইসলাম)
সহকারী সচিব।